

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd

পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিচালক (এমআইএস) এর দপ্তর
ডিডিঃ এমআইএস (রাজস্ব/উন্নয়ন) বিএম
ডায়েরী নম্বর: তারিখ: ২৩/০৮/২০২৫
পরিচালকের স্বাক্ষর

নং-৫৯.১১.০০০০.১৫২.২৩.০০৪.২২-১৩৬১

তারিখ: ২৩/০৮/২০২৫ ১৪৩১ বঙ্গাব্দ
০২/০৮/২০২৫ খ্রি.

বিষয়: “পরিবার পরিকল্পনা অধিদপ্তরে চাকরির ব্যাংক ড্রাফট ফি জমা দেওয়ার পদ্ধতি” শিরোনামে প্রকাশিত ভিত্তিহীন, বানোয়াট ও প্রতারণামূলক বিজ্ঞপ্তির বিষয়ে সতর্কীকরণ বার্তা প্রচার।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “পরিবার পরিকল্পনা অধিদপ্তরে চাকরির ব্যাংক ড্রাফট ফি জমা দেওয়ার পদ্ধতি” শিরোনামে ০১৩৩২৮৭৮৪৭৩ একাউন্ট নম্বরে ব্যাংক ড্রাফট ফি বাবদ ১৫৫৫/- (একহাজার পাঁচশত পঞ্চাশ) টাকা বিকাশের মাধ্যমে পাঠানোর বিষয়ে রেজাল্ট প্রকাশসহ একটি অসাধু চক্র কর্তৃক সম্প্রতি অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রকাশিত বিজ্ঞপ্তি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের দৃষ্টিগোচর হয়েছে। এতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নাম, ঠিকানা ব্যবহার করা হলেও প্রকৃত পক্ষে এর সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কোন সম্পৃক্ততা নেই। অতীতে কিংবা সাম্প্রতিক সময়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে ‘মাঠকর্মী’ নিয়োগের এরূপ কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি। বিজ্ঞপ্তি সম্পূর্ণ ভিত্তিহীন, বানোয়াট ও প্রতারণামূলক। এমতাবস্থায়, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে সম্পর্কহীন উক্তরূপ বিজ্ঞপ্তির বিষয়ে সর্বসাধারণকে সতর্ক থাকার জন্য নিম্নোক্ত বার্তা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

“পরিবার পরিকল্পনা অধিদপ্তরে চাকরির ব্যাংক ড্রাফট ফি জমা দেওয়ার পদ্ধতি” শিরোনামে ০১৩৩২৮৭৮৪৭৩ একাউন্ট নম্বরে বিকাশের মাধ্যমে টাকা পাঠানোর বিষয়ে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তি সম্পূর্ণ ভিত্তিহীন, বানোয়াট ও প্রতারণামূলক। এর সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কোনরূপ সম্পৃক্ততা নেই। বিজ্ঞপ্তির বিষয়ে সর্বসাধারণকে সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

✓ পরিচালক (এমআইএস)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।


তারিখ: ০৮/০৮/২০২৫
মীর সাজেদুর রহমান
পরিচালক (প্রশাসন) [অতিরিক্ত দায়িত্ব]
ফোন: +৮৮০২৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd

অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ০৪। অফিস কপি।